



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪- ৪০০

তারিখঃ ০৫/৭/২০১৭ খ্রিঃ


অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের উপজেলা পর্যায়ে কর্মরত নিম্নোক্ত কর্মকর্তা-কর্মচারীগণ নিয়মিতভাবে সমিতি পরিদর্শন না করায় ঋণের কিস্তি খেলাপীসহ মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এছাড়া চাহিদা থাকা সত্ত্বেও যথাযথ প্রক্রিয়ায় ঋণ বিতরণ না করে সরকারী অর্থ অলস ভাবে রাখা হচ্ছে এবং উহা যথাযথ ব্যবহার করা হচ্ছে না। বিষয়সমূহ দায়িত্বে অবহেলা হিসেবে বিবেচনা করে কিছু কর্মকর্তা-কর্মচারির বেতন-ভাতার আংশিক স্থগিত রাখা হয়। তন্মধ্যে নিম্নোক্ত কর্মকর্তা-কর্মচারীগণের কার্যক্রমে গতিশীলতা পরিলক্ষিত না হওয়ায় এবং তাদের কিস্তি খেলাপীসহ মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় তাদের সাক্ষ্য বেতন-ভাতার স্থগিতের হার বৃদ্ধি করে নিম্নোক্ত ভাবে স্থগিত রাখার নির্দেশনা প্রদান করা হলোঃ

ক্র.নং.	জেলা	উপজেলা	নাম	পদবী	পূর্বের বেতন-ভাতা স্থগিতের হার	বর্তমান বেতন-ভাতা স্থগিতের হার
১	ভোলা	মনপুরা	মোঃ নুরুল আহসান	মাঠ সংগঠক	১০%	২০%
২			শ্রীরাম চন্দ্র দাস	মাঠ সংগঠক	১০%	২০%

২। বর্ণিত মাঠ সংগঠকদের সাক্ষ্য বেতন হতে স্থগিতকৃত বেতন সফটওয়্যারে Postponed Salary Payable (891) কোডে জমা রাখতে হবে। পরবর্তীতে কার্যক্রম অগ্রগতি সন্তোষজনকসহ মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায় সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের সুপারিশসহ আবেদনের প্রেক্ষিতে প্রকল্প কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্থগিতকৃত বেতন ফেরতযোগ্য হবে। এছাড়া কোন মাঠ সংগঠকের ঋণ বিতরণে অনিয়মের জন্য মেয়াদোত্তীর্ণ খেলাপী হওয়ার বিষয়টি প্রমাণিত হলে পরবর্তীতে তার স্থগিতকৃত বেতন মেয়াদোত্তীর্ণ খেলাপীর বিপরীতে সমন্বয় করা হবে।

৩। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারি করা হলো; ইহা অবিলম্বে কার্যকর হবে।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক, ইরেসপো  
বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. জনাব-----মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মনপুরা, জেলাঃ ভোলা।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মনপুরা, জেলাঃ ভোলা।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ উপজেলাঃ মনপুরা, জেলাঃ ভোলা।  
(পত্রের নির্দেশনা অনুযায়ী বেতন স্থগিতের প্রমাণপত্র প্রতি মাসে সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ভোলা।
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।